বাড়ির কাজ – ২

শ্রেণিঃ চতুর্থ | বিষয়ঃ বাংলা

শিক্ষার্থীর নামঃ | রোল নম্বরঃ | তারিখঃ

নির্দেশনাঃ "পালকির গান" কবিতাটি মনোযোগ সহকারে আবৃত্তি করি, পড়ি ও অনুশীলনীর কাজগুলো আলাদা পৃষ্ঠায় লিখি।

অনুশীলনী

১. জেনে নিই।

পালকির বেহারারা পালকি কাঁধে নিয়ে এক জায়গা থেকে অন্য জায়গায় যান। চলার পথে পা মেলাতে তারা তালে তালে গান গাইছেন। এই গানের কথায় গ্রামবাংলার চলমান জীবনের ছবি ফুটে উঠেছে।

২. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

গগন আদুল পাটা ভনভনিয়ে কষে হাটুরে ধুঁকছে অজা স্তব্ধ ধায় শুষছে

৩. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

পাটার ময়রা আদুল হাটুরেরা গগনে দুধের চাঁছি পালকি

ক. সকালে পূর্ব ..... সূর্য ওঠে।

খ. শিশুরা বাড়ির উঠানে ..... গায়ে খেলা করছে।

গ. ..... উপর বসে দোকানদার জিনিস বিক্রি করছেন।

ঘ. ..... মনের আনন্দে মিষ্টি বানাচ্ছেন।

ঙ. হাটের শেষে ..... বাড়ি ফিরছেন।

চ. খোকা ..... খেতে ভালোবাসে।

ছ. ..... চড়ে বউ নাইওরে যান।

৪. যুক্তবর্ণগুলো দেখি। যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দগুলো পড়ি ও লিখি।

স্তব্ধ	স্ত	স	ত		ব্যস্ত, সস্তা
	ব্ধ	ব	ধ		লব্ধ, ক্ষুব্ধ
রৌদ্র	দ্র	দ	্র	(র–ফলা)	নিদ্রা, ভদ্র
ক্লান্ত	ক্ল	ক	ল		ক্লাস, ক্লেশ
	ন্ত	ন	ত		শান্ত, পান্তা

২০২০